ভোরের কাগজ

তারিখ 05 SEP 1998
পৃষ্ঠা ৪ কলাম ৮

শামসুন্নাহার হলের ঘটনা তদন্তে কমিটি গঠন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে ছাত্রীদের ভাঙচুরের ঘটনার তদন্তের জন্য তিন সদস্যের একটি কমিটি করা হয়েছে। এদিকে ভাঙচুরের ঘটনায় জড়িত কয়েকজন সাধারণ ছাত্রী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে ভাঙচুরের নেতৃত্বদানকারীদের নাম উল্লেখ করে একটি বিবৃতি পাঠিয়েছে। এতে তারা ঘটনার নিন্দা এবং এতে নিজেরা জড়িত থাকার জন্য দুঃখ প্রকাশ করেছে।

হল কর্তৃপক্ষের গঠন করা তদন্ত কমিটিতে তিনজন আবাসিক শিক্ষিকাকে রাখা হয়েছে। কমিটি ৩ দিনের মধ্যে ভাঙচুরের ঘটনায় জড়িতদের নাম, মদদদাতা ও ঘটনার প্রকৃত কারণ খুঁজে বের করে কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন পেশ করবে।

উপাচার্যের কাছে পাঠানো সাধারণ ছাত্রীদের বিবৃতিতে নেতৃত্বদানকারী হিসেবে ছাত্র ইউনিয়নের মিলি, নিপা, ছাত্রদলের লুসি, লুনা, ছাত্রলীগের শোভাসহ আরো কয়েকজনের নাম উল্লেখ করা হয়েছে। বিবৃতিতে জানিয়েছে, তারা কয়েকটি সংগঠনের গুটিকয়েক ছাত্রীর প্ররোচনায় তারা ভাঙচুরের মতো ঘটনায় জড়িয়ে পড়েছিল। এ জন্য তারা দুঃখিত।

গত বৃহস্পতিবার রাতে শামসুন্নাহার হলে অনুষ্ঠিত পরিবেশ পরিষদের সভায় ছাত্রীদের দাবির মুখে ভেঙে ফেলা নতুন গেটটি পুনঃস্থাপন করা হবে না বলে কর্তৃপক্ষ আশ্বাস দিয়েছে। তবে ঘটনায় জড়িতদের ব্যাপারে কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা নিবে বলে জানা গেছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক কে এস নূরুন্নবী জানান, তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের বিরুদ্ধে বিধি অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।